

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 20-12-2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রাজ্যে সশস্ত্র সীমাবলের প্রতিষ্ঠা দিবসের একটি অনুষ্ঠানে যোগ দেবেন।
- ২) সুপ্রিম কোর্টে এসএসসির ২৬,০০০ চাকরি বাতিলের মামলার শুনানিতে প্রধান বিচারপতি নম্বর কারচুপি এবং সুপার নিউমেরিক পোস্ট নিয়ে প্রশ্ন তুলে রাজ্য সরকারের ভূমিকার সমালোচনা করেছেন
- ৩) অভয়ার বিচারের দাবিতে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস JPD এবং অভয়া মঞ্চ তাদের প্রতিবাদ আরো তীব্রতর করছে।
- ৪) সরকারি ও বেসরকারি বেরোয়া বাসের রেষারেষি আটকাতে নতুন বছরের শুরুতেই পরীক্ষামূলকভাবে অ্যাপ চালু করা হচ্ছে।
- ৫) আলিপুর আবহাওয়া দপ্তর আজ ও আগামীকাল কলকাতা সহ বেশ কিছু জেলায় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে
- ৬) মোহনবাগান সুপার জয়েন্ট আজ আইএসএল ফুটবলে এফসি গোয়ার মুখোমুখি হবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ শিলিগুড়িতে সশস্ত্র সীমাবল বা এস এস বি ফন্টিয়ারের প্রধান কার্যালয়ে একটি সরকারি অনুষ্ঠানে অংশ নিতে গতরাতেই উত্তরবঙ্গে এসে পৌঁছেছেন। বাগডোগরা বিমানবন্দরে তাকে স্বাগত জানান কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। দুপুরে তিনি এসএসবির আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। স্বরাষ্ট্রমন্ত্রী নেপাল ও ভুটানের সীমান্ত রক্ষাকারী সশস্ত্র সীমাবলের ৬১-তম 'রাইজিং ডে'-র প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে যোগ দেবেন। ওই অনুষ্ঠান শেষেই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

উল্লেখ্য, ভারত-চীন যুদ্ধের পর ১৯৬৩ সালে দেশের সীমান্ত সুরক্ষা আরো জোরদারকরতে স্পেশ্যাল সার্ভিস ব্যুরো গঠন করা হয়। পরে তার নাম বদলে হয়- সশস্ত্রসীমাবল।

সুপ্রিম কোর্টে গতকাল রাজ্যের SSC-এর প্রায় ২৬ হাজার জনের চাকরি বাতিলের মামলার শুনানি শেষ হয়েছে। শুনানির সময় প্রধান বিচারপতি নম্বর কারচুপি এবং সুপার নিউমেরিক পোস্ট নিয়ে প্রশ্ন তোলেন। লিখিত পরীক্ষার নম্বর বাড়ানো হয়েছে বলে মন্তব্য করেন। যদিও এই প্রসঙ্গে রাজ্যের আইনজীবী জানিয়েছেন, তাঁরা কাউকে নিয়োগ করেননি, কলকাতা হাইকোর্টের সম্মতি ছাড়া নিয়োগ সম্ভব নয়। একই সঙ্গে তিনি জানান, যোগ্য এবং অযোগ্য বাছাইয়ে তাঁদের সমর্থন রয়েছে, তদন্তকারী সংস্থা সিবিআই এই বিষয়ে আলাদা আলাদা তথ্য দিয়েছে। সিবিআই-এর উদ্ধার করা OMR শিটের বিশ্বাসযোগ্যতা নিয়ে চাকরিচ্যুতদের আইনজীবী প্রশ্ন তোলেন। এই প্রসঙ্গে প্রাক্তন কংগ্রেস সাংসদ বর্ষীয়াণ নেতা অধীর চৌধুরী বলেন,

বাইট অধীর

মামলার পরবর্তী শুনানি হবে আগামী বছর জানুয়ারি মাসে।

অভয়ার বিচারের দাবিতে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস JPD এবং অভয়া মঞ্চ তাদের প্রতিবাদ আরো তীব্র করেছে। কলকাতা পুলিশের পক্ষ থেকে অনুমতি না দেওয়ায় কলকাতা হাইকোর্টের সম্মতিতে আজ দুপুর তিনটে থেকে ধর্মতলার মেট্রো স্টেশনের বিপরীতে মঞ্চ বেঁধে অবস্থান কর্মসূচি শুরু করতে চলেছে বলে JPD র তরফে জানানো হয়েছে। আগামী ২৬ ডিসেম্বর পর্যন্ত টানা এই প্রতিবাদ কর্মসূচি চলবে।

এদিকে, সিবিআই তদন্তে অনাস্থা জানিয়ে নতুন করে মেয়ের খুনের তদন্ত চেয়ে গতকাল RG Kar কান্ডের নির্যাতিতার বাবা-মা কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছেন।

ইতিমধ্যে আদালত তাঁদের মামলা দায়েরের অনুমতিও দিয়েছে। একইসঙ্গে, তদন্ত কীভাবে এগোচ্ছে সে ব্যাপারে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ সিবিআইয়ের কাছে রিপোর্ট তলব করেন। আদালত জানিয়েছে, আগামী ২৪ ডিসেম্বর সিবিআইকে তদন্তের যাবতীয় নথি হাইকোর্টে পেশ করতে হবে। তবে কোনওভাবেই ট্রায়াল বন্ধ করা যাবে না।

সিবিআইয়ের আইনজীবী হাইকোর্টকে জানিয়েছেন, ইতিমধ্যে তদন্তে অগ্রগতির ব্যাপারে ৮টি স্ট্যাটাস রিপোর্ট আদালতে জমা দেওয়া হয়েছে।

কলকাতা পুলিশের এসটিএফ গোপন সূত্রে খবর পেয়ে, বেনিয়াপুকুর থানা এলাকায় এজিসি বোস রোডে গতকাল একটি গেষ্ট হাউস থেকে দুজনকে গ্রেফতার করে। তাদের কাছ থেকে দুটো ৯ এমএম পিস্তল, আঠারো রাউন্ড গুলি উদ্ধার করা হয়। ধৃতরা বিহারের বাসিন্দা। বেনিয়াপুকুর থানায় একটি মামলা রুজু হয়েছে।

সংসদে বাবাসাহেব আম্বেদকর সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের করা মন্তব্যে তিনি স্তম্ভিত বলে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মত ব্যক্ত করেছেন। পার্ক স্ট্রিটে বড়দিন উৎসবের সূচনা করে মুখ্যমন্ত্রী ফের কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেন।

এদিকে, কংগ্রেস'ও গতকাল একই ইস্যুতে কলকাতায় বিক্ষোভ দেখায়। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে একটি প্রতিবাদ মিছিল দলীয় কার্যালয় থেকে মৌলালি পর্যন্ত যায়। জেলায় জেলায় আজ বিক্ষোভ কর্মসূচীও পালন করা হচ্ছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কলকাতায় গতকাল বিকেলে পার্ক স্ট্রিটের অ্যালেন পার্কে এক তারকাখচিত অনুষ্ঠানে উৎসবের সূচনা করে তিনি বড়দিনের শুভেচ্ছা জানিয়ে বলেন, বড়দিন আনন্দ ও সম্প্রীতির উৎসব।

রাজ্য সরকারের উদ্যোগে আয়োজিত এই বাৎসরিক অনুষ্ঠান এবার ১৪-তম বছরে পা দিচ্ছে। একইসঙ্গে তিনি দার্জিলিং ম্যালে 'টি ফেস্টে'রও সূচনা করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটিই হবে মাসিক এই রেডিও অনুষ্ঠানের ১১৭ তম পর্ব। মানুষ টোল ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০-তে তাদের মতামত ও চিন্তাভাবনা জানাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা মাই গভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনে তা এমাসের ২৭ তারিখ পর্যন্ত জানানো যাবে।

আকাশবাণী ও দূরদর্শনের সম্পূর্ণ নেটওয়ার্ক, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন আইআইআর মোবাইল অ্যাপে অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে। পাশাপাশি এআইআর নিউজ, ডিডি নিউজ, পিওমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শোনা যাবে মন কি বাত। হিন্দীতে সম্প্রচারের অব্যবহিত পরেই আঞ্চলিক ভাষায় অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে।

সরকারি ও বেসরকারি বেরোয়া বাসের রেযারেষি আটকাতে নতুন বছরের শুরুতেই পরীক্ষামূলকভাবে অ্যাপ চালু করা হচ্ছে । এর প্রস্তুতিতে ইতিমধ্যে পরিবহন দফতর একাধিক বাস সংগঠনের সঙ্গে বৈঠক করেছে। সেখানে জানুয়ারির ১০ তারিখ থেকেই শহরের নির্ধারিত ১২টি সরকারি ও বেসরকারি বাস রুটে এই প্রকল্প চালু করার লক্ষ্যমাত্রার কথা জানিয়ে দেওয়া হয়েছে বলে পরিবহন দফতর সূত্রে জানা গেছে। জানা গেছে হলুদ ট্যাক্সির মতোই সরকারি ও বেসরকারি বাস ও মিনিবাসকে যাত্রী সাথী অ্যাপে যুক্ত করা হচ্ছে । এই ব্যবস্থা চালু হলে কোন রুটে কোন সরকারি বা বেসরকারি বাস কত গতিতে ছুটছে তা জানা যাবে। পাশাপাশি আগাম টিকিটও কেটে নেওয়া যাবে। এছাড়াও আপাতত যে ১২টি রুটে এই পরিষেবা দেওয়া হবে বলে চিহ্নিত করা হয়েছে, সেই সব রুটের বাসস্ট্যান্ডে এলইডি ডিসপ্লে বসানো হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নদীয়া রানাঘাট পুলিশ জেলা এলাকায় পুলিশ গত এক মাসে ৩২ জন বাংলাদেশী নাগরিকের গ্রেফতার করেছে। এক সাংবাদিক সম্মেলনে গতকাল পুলিশ জানায়, ভারতের ১৯ জন দাললকেও ধরা হয়েছে। রানাঘাট পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার লালটু হালদার বলেন, বুধবার রাতে চার বাংলাদেশি নাগরিক ও এক নাবালিকাকে গ্রেফতার করা হয়েছে। তারা এদেশের একজনের বাড়িতে ছিল।

বাইট

এদিকে নদীয়ার কল্যাণী এইমস-এ সস্ত্রীক চিকিৎসা করাতে এসে বাংলাদেশের আইনজীবী রবীন্দ্রনাথ ঘোষ গতকাল জানিয়েছেন, খুব শীঘ্রই তিনি বাংলাদেশে ফিরে ইস্কনের জেলবন্দী সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণ দাসের হয়ে সওয়াল করবেন।

রাজ্য পুলিশের বিশেষ টাস্ক ফোর্স এবং অসম পুলিশ যৌথ অভিযান চালিয়ে গতকাল মুর্শিদাবাদের হরিহর পাড়া থানা এলাকা থেকে জাল পাসপোর্ট কাণ্ডে জড়িত দুজনকে গ্রেফতার করে। ধৃত মহম্মদ আব্বাস আলি ও মিনারুল শেখের কাছ থেকে একাধিক নথি, পেন ড্রাইভ সহ বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। এরা বাংলাদেশের জঙ্গী সংগঠন ‘জামাতুল মুজাহিদিন’-এর সঙ্গে যুক্ত বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে। তদন্তের স্বার্থে ধৃতদের অসম নিয়ে যাওয়া হচ্ছে।

কেন্দ্রীয় সরকার জানিয়েছে, বাংলাদেশ জুড়ে হিন্দু এবং অন্য সংখ্যালঘু সম্প্রদায়ের বাড়ি ও ব্যবসায়িক প্রতিষ্ঠান সহ মন্দির এবং ধর্মীয় স্থানে আক্রমণের বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে।

রাজ্যসভায় গতকাল এক লিখিত জবাবে বিদেশ প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিং জানান, এ’বিষয়ে বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে কথা হয়েছে। সেদেশের সরকার সংখ্যালঘুদের ওপর হিংসার ঘটনায় জড়িত ৭০ জনকে ইতমধ্যেই গ্রেপ্তার করেছে। মামলা দায়ের হয়েছে ৮৮ টি। সংখ্যালঘু সহ সব নাগরিকের জীবন ও অধিকার রক্ষার দায়িত্ব বাংলাদেশ সরকারের’- বলে মত ব্যক্ত করেন তিনি।

প্রতারণা ও জালিয়াতি মামলায় বিধাননগর পূর্ব থানায় পুলিশি হেফাজতে থাকা এক ব্যক্তির মৃত্যু হয়েছে। ধৃত বছর ৫৬ রথীশ দেবনাথকে নদীয়া থেকে গ্রেফতার করা হয়েছিল। ১৭ ই ডিসেম্বর থেকে সে পুলিশ হেপাজতে ছিল। গতকাল দুপুরে সে অসুস্থ হয়ে পড়লে পুলিশের পক্ষ থেকে তাকে বিধান নগর হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালেই গতকাল তার মৃত্যু হয় বলে পুলিশ সূত্রে জানা গেছে।

দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় আজ ও আগামীকাল হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, দুই মেদিনীপুর

জেলাসহ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বেশ কিছু জায়গায় বৃষ্টি হতে পারে পাশাপাশি কলকাতা হাওড়া হুগলি এবং ঝাড়গ্রাম জেলার দু একটি জায়গায় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আগামীকাল এই জেলাগুলির পাশাপাশি পূর্ব এবং পশ্চিম বর্ধমানের হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, আজ এফ সি গোয়ার মুখোমুখি হবে। গোয়ার ফতোরদা স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মোহনবাগান ১১ ম্যাচে ২৬ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে আছে। চতুর্থ স্থানে থাকা এফ সি গোয়ার সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ১৯।
